মানত করতে নিষেধ করেছেন। তিনি বলেন, “তা কোন রকম কল্যাণ বয়ে আনে না। তবে এর মাধ্যমে কৃপণ লোকের থেকে কিছু বের করা হয়”।

ইবনু উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা সূত্রে: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত, তিনি মানত করতে নিষেধ করেছেন। তিনি বলেন, “তা কোন রকম কল্যাণ বয়ে আনে না।
তবে এর মাধ্যমে কৃপণ লোকের থেকে কিছু বের করা হয়”। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম মান্নত করতে নিষেধ করেছেন। আর মান্নত হলো শরীয়তদাতা মানুষের ওপর যা আবশ্যক করেননি তাই তার নিজের ওপর আবশ্যক করা। তিনি বলেন, মান্নত কোনো জিনিস এগিয়ে আনতে বা পিছিয়ে দিতে পারে না, তবে তার দ্বারা কৃপণ থেকে কিছু বের করা হয়, যে ওয়াজিব কর্ম ছাড়া কিছু করে না। বস্তুত মান্নত যা তাকদীরে নির্ধারণ করা হয়নি তা নিয়ে আসতে পারে না।

http://sunnah.global/hadeeth/bn/show/2960